শুধু টাকা উপার্জনের জন্য অভিনয় করি না

জনপ্রিয় অভিনেতা ও নির্মাতা জাহিদ হাসান ঈদের পর এখনো কাজে ফেরেননি। তবে নতুন কাজের প্রস্তুতি নিচ্ছেন বলে জানিয়েছেন। অভিনয় এবং প্রাসঙ্গিক বিষয় নিয়ে আজকের ‘হ্যালো…’ বিভাগে কথা বলেছেন তিনি।

* এখন কী নিয়ে ব্যস্ত আছেন?

** তেমন কোনো কাজ নেই। তাই কিছুটা অবসর সময় পার করছি। ঈদের পর এখনো শুটিং শুরু করিনি। তবে ফেরার প্রস্তুতি নিচ্ছি। কারণ অভিনয় যেহেতু পেশা, ফিরতে তো হবেই।

* শুটিংয়ে ফিরতে দেরি হচ্ছে কেন?

** যেসব কাজের প্রস্তাব পাচ্ছি, তাতে অভিনয়ে আগ্রহ পাচ্ছি না। সব গড়পড়তা কাজের প্রস্তাব পাচ্ছি। মানহীন কাজ আমি একদমই করি না। কারণ, দর্শক আমাকে যেভাবে দেখে অভ্যস্ত তা থেকে সরে গেলে তার মুখ ফিরিয়ে নেবেন। তাই দর্শকের যে ভালোবাসা পেয়ে এসেছি তা যেন অব্যাহত থাকে, এ জন্যই মানহীন কাজ করার ইচ্ছা নেই। শুধু টাকা উপার্জনের জন্য অভিনয় করি না। মানুষকে মানসম্মত অভিনয়ের মাধ্যমে বিনোদিত করতে চাই।

* গত ঈদে যেসব নাটকে অভিনয় করেছিলেন সেগুলোর কেমন সাড়া পেলেন?

** খুব বেশি নাটকে গত ঈদে অভিনয় করিনি। তারপরও ঈদে আমার অভিনীত নাটকগুলো দর্শক আগ্রহ নিয়েই দেখেছেন। সরাসরি ও সামাজিক যোগাযোগ মাধ্যমে তারা তাদের প্রতিক্রিয়া জানিয়েছেন।

* মাহফুজ আহমেদের সঙ্গে একটি ওয়েব সিরিজে আপনার অভিনয়ের কথা ছিল। সেটির কাজ কবে নাগাদ শুরু হবে?

** এ কাজটি দিয়েই হয়তো শুটিং শুরু করব। ঈদের পর এখনো প্রযোজক পরিচালকের সঙ্গে এ বিষয়ে বসা হয়নি। তবে প্রাথমিক প্রস্তুতি নিয়ে রেখেছি। গল্পটি বেশ সুন্দর। আর মাহফুজের সঙ্গে দীর্ঘ সময় পর অভিনয় করব। বেশ ভালো একটি কাজ হবে বলে মনে করছি। কারণ আমাদের অভিনয় রসায়ন বেশ ভালো।

* দুটি টিভি বিজ্ঞাপনও করেছিলেন। এখন থেকে কী বিজ্ঞাপনে নিয়মিত দেখা যাবে আপনাকে?

** আমি পরিকল্পনার বাইরে কোনো কাজ করি না। বিজ্ঞাপন দুটিও ঠিক সেই পরিকল্পনাতেই করেছিলাম। দর্শকের কাছে থেকে এগুলোর জন্য ভালো সাড়া পাচ্ছি। যদি পরিকল্পনার সঙ্গে মিলে তাহলে বিজ্ঞাপনে নিয়মিত কাজ করতে আমার কোনো অনাগ্রহ নেই।

* আপনার প্রযোজনা সংস্থা থেকে নতুন কী কাজ আসছে?

** এ বিষয়টি নিয়েই ভাবছি। ঈদের আগে ‘অদল বদল’ নামে আমার প্রযোজিত একটি নাটক মাছরাঙা টিভিতে প্রচার শেষ হয়েছে। আরেকটি ধারাবাহিক নাটক নির্মাণের প্রস্তুতি নিচ্ছি। এখন গল্প নির্বাচনের কাজ চলছে। নাটক নির্মাণের খরচ বাড়লেও চ্যানেলে নাটকের দাম সেভাবে বৃদ্ধি পায়নি। তাই প্রযোজনা করে টিকে থাকাও কঠিন একটি বিষয়।

বঙ্গবন্ধুই আমাদের দেশ দিয়েছেন, পরিচয় দিয়েছেন

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যিনি সাড়ে বারোটা বছর অন্ধকার প্রকোষ্ঠে কাটিয়েছেন। জুলুম নির্যাতন সহ্য করে আন্দোলন সংগ্রামের মধ্য দিয়ে তিনিই আমাদের স্বাধীন সার্বভৌম বাংলাদেশ উপহার দিয়েছেন। আমাদের নিজের কোন দেশ ছিল না, নিজেদের ঠিকানা ছিল না, নিজেদের পরিচয় ছিল না, বঙ্গবন্ধুই আমাদের দেশ দিয়েছেন, ঠিকানা দিয়েছেন, পরিচয় দিয়েছেন।

কিন্তু জাতির কিছু কুলাঙ্গার ষড়যন্ত্রকারী ১৯৭৫ সালের ১৫ ই আগস্ট বঙ্গবন্ধুসহ তার পরিবারকে নিষ্ঠুরভাবে হত্যা করেছে। আগস্ট মাসের সেই শোককে শক্তিতে পরিণত করে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করার মধ্য দিয়ে এই সরকারকে আবার ক্ষমতায় আনতে হবে।

শুক্রবার বিকেলে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের আয়োজনে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স অডিটরিয়ামে জাতির পিতা বঙ্গবন্ধু

শেখ মুজিবুর রহমান এঁর জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর ৭৩তম জন্মবার্ষিকীতে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানে, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতার সভাপতিত্বে এবং উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদের সঞ্চালনায় প্রধান অতিথি বক্তব্যে এসব কথা বলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও বাংলাদেশ সরকারের জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

তিনি আরো বলেন, বঙ্গবন্ধুর নেতৃত্বেই বাংলাদেশ স্বাধীন হয়েছে তারই সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার হাত ধরে বাংলাদেশ সারা বিশ্বে উন্নয়নের রোল মডেল হিসেবে সু প্রতিষ্ঠিত হয়েছে।

আজ শেখ হাসিনা ছিল বলেই মুজিবনগর হয়েছে। শেখ হাসিনা আছে বলেই আমাদের স্বাধীনতা সড়ক হচ্ছে, আমাদের চেকপোস্ট হচ্ছে, স্থলবন্দর হচ্ছে, রেল সংযোগ হচ্ছে, মুজিবনগর বিশ্ববিদ্যালয় হচ্ছে, নদী খনন হচ্ছে, আবহাওয়া স্টেশন হচ্ছে, শেখ হাসিনা না থাকলে এইসব আমরা পেতাম না।

শেখ হাসিনার প্রধানমন্ত্রী হয়েছে বলেই মুজিবনগরে টেকনিক্যাল স্কুল হয়েছে, সুন্দর একটি হাসপাতাল হয়েছে, ফায়ার ব্রিগেডের অফিস হয়েছে।মুজিবনগরে স্কুল কলেজের বড় বড় বিল্ডিং হয়েছে, কৃষকের রাস্তা হয়েছে শেখ হাসিনা প্রধানমন্ত্রী হয়েছে বলে মুজিবনগর উপজেলা হয়েছে।

কিন্তু জামাত-বিএনপি স্বচক্ষে দেখার পরও তারা এটা মানতে চায় না। যুদ্ধাপরাধী সংগঠন জামাত ইসলামী যেখানে আছে সেখানে মুসলমানদের শত্রুর অভাব নেই। তিনি বলেন বিএনপি একটি নাম সর্বস্ব সংগঠন। এই শোকের মাসে বিদ্যুৎ নিয়ে তারা দেশে অরাজকতার সৃষ্টি করছে। বিএনপি’র আগস্ট মাসের এই আস্ফালন বলে দেয় ১৫ই আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু সহ সকল হত্যাকাণ্ডের পিছনে তারাই দায়ী ।তাদের কোন আস্ফালনেই দেশের জনগণ রাস্তায় নামেনি কারণ তারা বক্তব্য সর্বস্ব দল।

দেশে বর্তমান বিদ্যুতের লোডশেডিং নিয়ে তিনি বলেন, রাশিয়া ও ইউক্রেনের যুদ্ধের কারণে জ্বালানি তেলসহ অন্যান্য প্রাকৃতিক সম্পদের ঘাটতির ফলে খোদ ইউরোপেই বিদ্যুতের সংকট রয়েছে যার ফলে আমরাও বিদ্যুতের ব্যবহার কমিয়ে নিয়ে এসেছি। তবে এ সংকট অস্থায়ী

অচিরেই এই সমস্যার সমাধান করা হবে।

মুজিবনগরে শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩ তম জন্মবার্ষিকীর উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলে আরো উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক এড: ইব্রাহিম শাহীন, জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু, সম্পাদক নজরুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোস্তাকিম হক খোকন কমান্ডার, মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর রহমান বল্টু, জেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদিকা রুত শোভা মন্ডল, মোনাখালি ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান দারিয়াপুর চেয়ারম্যান মাহাবুবুর রহমান রবি, মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন, সম্পাদক তহমিনা খাতুন, উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজীব, সম্পাদক শাহিনুর রহমান মানিক, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সহসভাপতি মতিউর রহমান মতিন, সাধারণ সম্পাদক আরিফ শাহ, শ্রমিক লীগের সভাপতি আবুল কালাম আজাদ, উপজেলা তাঁতী লীগের সভাপতি আব্দুল খালেক, ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দিন লাভলু, সাধারণ সম্পাদক শেখ সাকিব সহ উপজেলা আওয়ামী লীগ, যুবলীগ, কৃষকলীগ যুব মহিলা লীগ স্বেচ্ছাসেবক লীগ, তাঁতী লীগ সহ অঙ্গ সংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মীবৃন্দ।

সভাপতি রঞ্জু, সাধারণ সম্পাদক আকরাম

আলমডাঙ্গা উপজেলা স্ট্রেয়ারিং সমবায় সমিতির কমিটি গঠন করা হয়েছে। শুক্রবার বিকেল ৪ টার দিকে আলমডাঙ্গা বধ্যভূমি প্রাঙ্গণে এ কমিটি গঠন করা হয়।

উপজেলার বিভিন্ন ইউনিয়নের ২১০ সদস্য বিশিষ্ট কমিটিতে হাবিবুর রহমান রঞ্জু সভাপতি ও আকরাম হোসেনকে সাধারণ সম্পাদক হিসাবে নির্বাচিত হয়। এছাড়াও ক্যাশিয়ার মোফাজ উদ্দীন ও রুস্তম

নির্বাচিত হয়।

কমিটি গঠন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কুমারী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবু সাইদ পিন্টু।

এসময় উপস্থিত হাফিজুল, ওয়াজেদ, জুয়েল, লিটন, কলম, আজিম, আশাদুল, আহমেদ, জিহাদ, রায়হান, নাসির, শান্ত, কালাম, ওহাজ প্রমূখ।

দামুড়হুদায় শেখ কামালের জন্মদিন উদযাপন

দামুড়হুদায় বঙ্গবন্ধু শেখ মুজবিুর রহমানরে জ্যষ্ঠে পুত্র, মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক এবং ক্রীড়া ও সাংস্কৃতকি ব্যক্তিত্ব শেখ কামালরে ৭৪ তম জন্মদিন উদযাপন করা হয়ছে।

শুক্রবার সকাল সাড় ১০টায় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা সহকারী কমশিনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ’র সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এসময় উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা আছির উদ্দীন, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, দামুড়হুদা মডেল থানার ওসি ফেরদৌস ওয়াহিদ, দর্শনা থানার ওসি এ,এইচ,এম লুৎফুল কবীর সহ সরকারী, বে-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রধানগণ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ। অনুষ্ঠানে দোয়া পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা পরিষদ জামে মসজিদের ইমাম মাও. আশরাফুল আলম।

দর্শনায় দুদিনব্যাপি এপার বাংলা ওপার বাংলার ফ্রি মেডিকেল ক্যাম্পের উদ্বোধন

চুয়াডাঙ্গার দর্শনায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৭ তম শাহাদত বার্ষিকী উপলক্ষে ইন্দো-বাংলা ফ্রি মেডিকেল ক্যাম্প উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার দর্শনা ডাকবাংলা চত্বর ও দর্শনা পৌর অডিটোরিয়াম হল রুমে দু’দিন ব্যাপি ভারতীয় বিশেষজ্ঞ ডাক্তাদের মাধ্যমে ফ্রি চিকিৎসার আয়োজন করা হয়েছে। এদিন বিকেলে দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমানের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্যে জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মো: আলী আজগার টগর বলেন, জাতির জনকের শাহাদত বার্ষিকী ও জাতীয় শোকের মাসে প্রতিবছর আমার নির্বাচনী এলাকার দুঃস্থ, গরিব ও বয়স্ক নারী- পুরুষদের জন্য ফ্রি চিকিৎসার ব্যাবস্থা করে থাকি।

গত দুই বছর মহামারী করোনার কারণে আমি এই আয়োজন করতে পারেনি। আগামী দিনগুলোতে আমি যদি বেঁচে থাকি তাহলে প্রতি বছর এ ফ্রি চিকিৎসার ব্যবস্থা অব্যাহত রাখব।

বিশেষ অতিথির বক্তব্যে ভারতের কলকাতা বিশেষায়িত রুবি হাসপাতালের বিশেষজ্ঞ মেডিক্যাল টিমের প্রধান ডাঃ অরিন্দম সামান্তা বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান বিশ্ব নেতাদের মধ্যে অন্যতম একজন নেতা। তিনি বাঙালি জাতির পিতা। তার স্মরণে বাংলাদেশে সাধারণ গরীব দুঃখী মানুষের চিকিৎসা সেবা করতে আসতে পারবো ভাবতেই পারিনি। এ জন্য স্হানীয় সংসদ সদস্য জনাব মো আলি আজগার টগর মহাদ্বয়কে আমাদের পক্ষ থেকে ধন্যবাদ।

চুয়াডাঙা জেলা প্রশাসক মোঃ আমিনুল ইসলাম খান, পুলিশ সুপার জাহিদুল ইসলাম, সিভিল সার্জন সাজ্জাদ হোসেন, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক মাহফুজুর রহমান মনজু, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর

বাবু, উপজেলা আওয়ামীলীগ সভাপতি সম্পাদক অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তৃব্য রাখেন।

অনুষ্ঠান শেষে জেলা প্রশাসক আমিনুল ইসলাম ও চুয়াডাঙ্গা জেলা পুলিশের বিদায়ী পুলিশ সুপার জাহিদুল ইসলামের হাতে সম্নানা ক্রেষ্ট তুলে দেন এমপি আলী আজগার টগর।

এ ছাড়াও রুবি হাসপাতালের ডাক্তারদের হাতেও ক্রেষ্ট তুলে দিয়ে বক্তব্য শেষে আগত রোগিদের চিকিৎসা সেবা শুরু হয়। অনুষ্ঠানটি পরিচালনা করেন দর্শনা পৌর আওয়ামীলীগের যুগ্ন সাধারণ সম্পাদক গোলাম ফারুক আরিফ।

মুজিবনগরে শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী পালন

মুজিবনগরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠপুত্র, মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, আবাহনী ক্রীড়াচক্রের প্রতিষ্ঠাতা ও সাংস্কৃতিক পৃষ্ঠপোষক বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন শেখ কামাল এর ৭৩তম জন্মবার্ষিকী পালিত হয়েছে ।

এ উপলক্ষে শুক্রবার সকালে মুজিবনগর উপজেলা পরিষদ চত্বরে স্থাপিত বীর মুক্তিযোদ্ধা শেখ কামালের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান, উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার, মুজিবনগর থানা ইনচার্জ মেহেদী রাসেল, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বীর মুক্তিযোদ্ধা বৃন্ধ, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, উপজেলা কৃষক লীগের সভাপতি জাহিদ হাসান রাজীব, সাধারণ সম্পাদক শাহিনুর রহমান মানিক এছাড়া বিভিন্ন প্রতিষ্ঠানের পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হয়।

পরে উপজেলা পরিষদ হল রুমে উপজেলা পরিষদের আয়োজনে উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে এবং উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রবের সঞ্চালনায় বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন শেখ

কামালের জীবনের উপরে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ ছাড়াও দিবসটি উপলক্ষে উপজেলা যুব উন্নয়ন দপ্তরের উদ্যোগে শিক্ষার্থী ও যুবক যুবতীদের মাঝে ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা বিতরণ করা হয়।

মহেশপুরে গোসল করতে নেমে দুই বন্ধুর মৃত্যু

পানিতে ডুবে ঝিনাইদহের মহেশপুরে জিম (১৪) ও সাব্বির (১০) নামে দুই শিশুর মৃত্যু হয়েছে। শুক্রবার বিকালে মহেশপুর দমকল বাহিনীর সদস্যরা স্থানীয় কপোতাক্ষ নদ থেকে দুই শিশুর মৃতদেহ উদ্ধার করে।

শিশু জিম মহেশপুর শহরের হাসপাতাল পাড়ার ফারুক হোসেনের ছেলে। অন্যদিকে সাব্বির হোসেন একই পাড়ার রহমত আলীর ছেলে।

মহেশপুর দমকল বাহিনীর স্টেশন অফিসার আব্দুস সোবাহান হাওলাদার জানান, শুক্রবার দুপুরে জিম ও সাব্বির মহেশপুরের কপোতাক্ষ নদে গোসল করতে নামে। গোসলে নেমে তারা ছোট্র একটি ডিঙ্গি নৌকায় চড়তে যায়। নৌকাটি উল্টে তাদের গায়ের উপর পড়ে।

তিনি আরো জানান, এ সময় সঙ্গে থাকা আরেক শিশু বাড়িতে এসে জানালে আত্মীয় স্বজনরা কপোতাক্ষ নদে খোঁজ করতে থাকে। খবর পেয়ে বিকাল ৩টার দিকে মহেশপুর দমকল বাহিনীর সদস্যরা নদের পাড়ে শিশুদের সেন্ডেল দেখে উদ্ধার অভিযান শুরু করে। বিকাল সাড়ে ৪টার দিকে জিম ও সাব্বিরের মৃতদেহ একটি ডিঙ্গি নৌকার নিচে চাপা পড়া অবস্থায় উদ্ধার করে।

এদিকে মহেশপুর হাসপাতাল পাড়ার দুই শিশুর এক সঙ্গে মৃত্যুর ঘটনায় শোকের ছায়া নেমে এসেছে। জিম ও সাব্বিরের স্বজনরা শোকে বাকরুদ্ধ হয়ে পড়েছে। তাদের সহপাঠীরাও ডুকরে ডুকরে কাঁদছে।

মহেশপুর থানার ওসি সেলিম মিয়া জানান, পানিতে ডুবে দুই শিশুর মৃত্যুর খবর পেয়েছি। কিভাবে শিশু দুইটির সলিল সমাধি ঘটলো তা

তদন্ত করে দেখা হচ্ছে।

অসহায় রোগীদের বিনামূল্যে অপারেশন করানো হবে- জনপ্রশাসন প্রতিমন্ত্রী

বাংলাদেশ জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেন, অসহায় ও দরিদ্র রোগীদের বিনামূল্যে অপারেশন করানো হবে মক্কা চক্ষু হাসপাতালে।

মানবতার এই উদ্যোগটি বিশাল একটি উদ্যোগ যেটি আমরা তথা মেহেরপুরবাসী আল্লাহ তায়ালার উপহার স্বরূপ পেয়েছি। আমার কাছে অনেকেই আসতো চোখের সমস্যা, চোখের ছানি এই বিষয় গুলো জানতে যে,কোথায় যাবে বা কি করবে।

এই সমস্যা সমাধানের জন্য আমরা অনেক সময় বিভিন্ন ক্যাম্পেইন করে থাকতাম কিন্তু এখন প্রতিনিয়তই চক্ষু সেবা প্রদান করা সম্ভব।

শুক্রবার বেলা সাড়ে ১১ টার ফিতা কেটে মক্কা চক্ষু হাসপাতালের উদ্ভোধনকালে প্রধান অতিথি বক্তব্য তিনি এ কথা বলেন।

ডা. আহাম্মেদ তাহের হামিদ আলীর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে তিনি আরো বলেন, মানুষের উপকার করার মতো একটি মহৎ উদ্যোগের মধ্য দিয়ে আমরা মক্কা চক্ষু হাসপাতালের উদ্ভোধন করতে পেরেছি,এটি মহান আল্লাহ তায়ালার অশেষ মেহেরবানী। আল্লাহ তায়ালা আমাদের এই সুযোগ করে দিয়েছেন যাতে এর মাধ্যমে মানুষের উপকার করা সম্ভব হয়।

এসময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার রাফিউল আলম, সিভিল সার্জন ডা.জওয়াহেরুল আনাম সিদ্দিকী, ডা.সালমান আহমেদ প্রমুখ।

ডা.আহাম্মেদ তাহের হামিদ আলী জানান, আল বাসার আন্তজার্তিক ফাউন্ডেশনের সহযোগি প্রতিষ্ঠান হলো এই মক্কা চক্ষু হাসপাতাল।

মেহেরপুরের এটি বাংলাদেশের ৮ম শাখা। মেহেরপুরে ৮ জন বিশেষঞ্জ ডাক্তারের সহয়তায় ৬ হাজার রোগীকে বিনামুল্যে চক্ষু চিকিৎসা সেবা প্রদান করা হবে। এছাড়াও ৮ শত রোগীকে বিনামুল্যে চক্ষু অপারেশন ও ২ বার ফলোআপ চিকিৎসা প্রদান করা হবে।

উল্লেখ্য, আজ মেহেরপুরের ৬ হাজার চক্ষু রুগীদের বিনামূল্যে চক্ষু চিকিৎসা প্রদান করা হচ্ছে।

দামুড়হুদায় যথাযোগ্য মর্যাদায় স্থানীয় শহীদ দিবস পালন

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলায় যথাযোগ্য মর্যাদায় স্থানীয় শহীদ দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে শুক্রবার সকাল ৮ টায় দামুড়হুদার নাটুদা ইউনিয়নের জগন্নাথপুর আটকবর স্মৃতিসৌধে বিভিন্ন কর্মসূচি পালিত হয়।

আট শহীদের স্মৃতিসৌধে জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগ সহ সভাপতি হাজী মোঃ আলী আজগার টগর এমপি ও জেলা আওয়ামী লীগের সম্মানিত যুগ্ম সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন ।

জেলা প্রশাসন ও জেলা মুক্তিযোদ্ধা কমান্ডের পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক আমিনুল ইসলাম খান, উপজেলা প্রশাসনের পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন করেন উপজেলা সহকারী ভূমি কমিশনার সুদীপ্ত কুমার সিংহ,।

এছাড়া বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক সংগঠন আট শহীদ বেদীতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। এর আগে জাতীয়, কালো ও মুক্তিযোদ্ধা সংসদের পতাকা উত্তোলন করা হয়।

এ শহীদ দিবসে আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান, ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারন সম্পাদক মোঃ আলী

মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা আ,লীগের সভাপতি ও সাবেক জেলা পরিষদের প্রশাসক মাহফুজুর রহমান মনজু, সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম,পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের চেয়ারম্যান এস এ এম জাকারিয়া আলম ও
জেলার সকল মুক্তিযোদ্ধাগনসহ জেলার সর্বস্থরের মানুষ।

উল্লেখ্য, ১৯৭১ সালের ৫ আগস্ট স্বাধীনতাযুদ্ধ চলাকালে দামুড়হুদার নাটুদহে জেলার ৮ জন মুক্তিযোদ্ধা সম্মুখে সমরে শহীদ হন।

হরিণাকুণ্ডুতে শেখ কামালের জন্মবার্ষিকী পালিত

হরিণাকুণ্ডুতে জাতির পিতার জ্যেষ্ঠ পুত্র ক্রীড়া ও সাংস্কৃতিক অঙ্গনের উজ্জল নক্ষত্র বীর মুক্তিযোদ্ধা শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী পালিত হয়েছে।

এ উপলক্ষে শুক্রবার সকালে উপজেলা পরিষদ, প্রশাসন, পৌরসভা ও বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের পক্ষ থেকে তাঁর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করা হয়। পরে উপজেলা প্রশাসনের আয়োজনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন এসিল্যান্ড তানভীর হোসেনের ।

এতে প্রধান অতিথির বক্তব্য দেন উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসেন। এ সময় পৌরসভার মেয়র ফারুক হোসেন, ওসি সাইফুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান রেশমা খাতুন, কৃষি কর্মকর্তা হাফিজ হাসান, মহিলা বিষযক কর্মকর্তা মুন্সী ফিরোজা সুলতানা, অধ্যক্ষ শরিফুল ইসলাম, ইউপি চেয়ারম্যান কামাল হোসেন, প্রেস ক্লাব সভাপতি ও ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম, সাইফুজ্জামান তাজু প্রমূখ বক্তব্য দেন।

এ ছাড়াও দিবসটি উপলক্ষে উপজেলা যুব উন্নয়ন দপ্তরের উদ্যোগে শিক্ষার্থী ও যুবক-যুবতীদের মাঝে ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা